“সেই সত্তার কসম, যার হাতে আমার জীবন। এ সূরা হচ্ছে সমগ্র কুরআনের এক-তৃতীয়াংশের সমান।”

আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি আরেক ব্যক্তিকে {قُلْ هُوَ اللَّهُ أَحَد} পড়তে শুনলেন। সে বার বার তা মুখে উচ্চারণ করছিল। পরদিন সকালে তিনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে এসে এ ব্যাপারে বললেন। যেন ঐ ব্যক্তি তা কম মনে করল। তখন রাসূল সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সেই সত্তার কসম, যার হাতে আমার জীবন। এ সূরা হচ্ছে সমগ্র কুরআনের এক-তৃতীয়াংশের সমান।”

[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আবু সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন যে, এক ব্যক্তি অন্য ব্যক্তিকে {قُــلْ هُوَ اللّٰهُ أَحَدٌ} সূরা তেলাওয়াত করতে এবং সারা রাত ধরে এটি আবৃত্তি করতে শুনেছেন, এতে কিছু যোগ করেননি। সকাল হলে সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে এসে তার বিষয়টি উল্লেখ করল। প্রশ্নকারী মনে করেছিলেন যে এটি খুব কম, তাই তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জোর দেওয়ার অর্থে শপথ করে বললেন: "যার হাতে আমার প্রাণ, সেই সত্তার শপথ, এটি কুরআনের এক তৃতীয়াংশের সমান।"

http://www.sunnah.global/hadeeth/bn/show/65261